


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
জেলা কার্যালয়, টাঙ্গাইল  
শুভেচ্ছা ভবন (আকুর টাকুর পাড়া, তালতলা)  
টাঙ্গাইল ১৯০০  
[bfsa.tangail.gov.bd](http://bfsa.tangail.gov.bd)

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন সভা আয়োজন টাঙ্গাইল এর প্রতিবেদন

অত্র ০৬ জুন ২০২৪ তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল এর সভাকক্ষে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন সভা অনুষ্ঠিত হয়, উক্ত কর্মসূচিতে কর্তৃপক্ষের প্রতিনিধি অধ্যাপক ড. মোহাম্মদ শোয়েব, সদস্য (খাদ্য শিল্প ও উৎপাদন) প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরো উপস্থিত ছিলেন জনাব মোঃ রকিবুল হাসান, উপ পরিচালক (সমন্বয় ও সংসদ), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, উক্ত অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব জিয়াউল ইসলাম চৌধুরী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), টাঙ্গাইল। সভায় অংশীজন হিসেবে বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তাবৃন্দ, হোটেল মালিক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক, ক্যাব এর সাধারণ সম্পাদক, বিভিন্ন খাদ্য প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

সবাইকে স্বাগত জানিয়ে প্রধান অতিথি স্বাগত বক্তব্য প্রদান করেন। এরপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন জনাব রিয়াদ রায়হান আবির, জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা, টাঙ্গাইল। উক্ত প্রেজেন্টেশনে টাঙ্গাইল জেলার কার্যক্রম এবং ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরা হয়। এরপর উক্ত আলোচনায় উপস্থিত অতিথিবৃন্দ নিরাপদ খাদ্যের বিভিন্ন বিষয়ে আলোকপাত করেন এবং সুশাসন প্রতিষ্ঠায় বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে এমন আয়োজনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি তার বক্তব্যে সুশাসন প্রতিষ্ঠায় সরকারের কার্যক্রমকে সফল করার জন্য প্রতিটি দপ্তরের এরকম আয়োজনের প্রতি গুরুত্বারোপ করেন এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করে সভা সমাপ্তি ঘোষণা করেন।



রিয়াদ রায়হান আবির  
জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
জেলা কার্যালয়, টাঙ্গাইল  
ফোনঃ ০২৯৯৭৭১৪১৪৭